গণপ্রজাতন্ত্রী বাংলাদশে সরকার
সমন্বয় ও সহায়তা কন্দ্রে
স্বাস্থ্য অধিদিপ্তর,
মহাখালী, ঢাকা-১২১২
www.dghs.gov.bd

# এইচআরএম (HRM) ও পিডিএস (PDS) সম্পর্কিত সচরাচর জিজ্ঞাসা ও উত্তর

(ভার্সনঃ ২০১৮০১২৯)

**প্রশ্নঃ এইচআরএম কি?**

- এটি একটি অনালাইনভিত্তিক সফটওয়্যার যার মাধ্যমে স্বাস্থ্য অধিদপ্তরের আধীনে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারী এমনকি সকল প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা অনলাইনে ও ডিজিটাল প্রক্রিয়ায় করা যায়। এটিকে ডিজিটাল মানব সম্পদ ব্যবস্থাপনা বলা যেতে পারে। এটির ঠিকানা https://hrm.dghs.gov.bd/ । নির্দিস্ট আইডি ও পাসওয়ার্ড দিয়ে এই ব্যবস্থায় প্রবেশ করা যায়।

**প্রশ্নঃ এইচ আর এই এস কি?**

- এইচআরএইএস বা HRIS হচ্ছে সফটওয়্যারটির নাম (Human Resource Information System) বা সংক্ষেপে HRIS, যার মাধ্যমেই মূলত এইচআরএম বা মানব সম্পদ ব্যবস্থাপনার সকল কাজ করা হচ্ছে। সেই অর্থে HRIS ও HRM একই। উল্ল্যেখ্য কাজকে আরো সহজ করার জন্য এই সফটওয়্যারের উন্নয়ণ প্রক্রিয়া চলমান, বর্তমানে এর অফিসিয়াল ভার্সন ৩.০ চলছে।

**প্রশ্নঃ পিডিএস কি?**

- পিডিএস (PDS) বা Personal Database System ছিল শুধুমাত্র চিকিৎসকদের জন্য এবং এটি ছিল একপাক্ষিক তথ্য সংরক্ষণের প্রক্রিয়া। যার ওয়েব এ্যড্রেস হচ্ছে http://pds.dghs.gov.bd/

**প্রশ্নঃ পিডিএস থাকতে এইচআরএম কেন? কোনটা ব্যবহার করব?**

- পিডিএস (PDS) ছিল শুধুমাত্র চিকিৎসকদের জন্য এবং এটি ছিল একপাক্ষিক যাতে প্রযোজ্য ক্ষেত্রে যেমন তথ্যের যাচাই বাছাইয়ের সুযোগ ছিলনা তেমনি সেই তথ্যকে অন্যান্য তথ্যের সাথে তুলনা করে কাজে লাগানো বা সিদ্ধান্ত গ্রহণের সুযোগও ছিলনা। এছাড়াও মন্ত্রণালয় ও অন্যান্য সিদ্ধান্তগ্রহণকারী কর্তৃপক্ষের দৃষ্টিতে পিডিএস তার গ্রহণযোগ্যতা হারিয়েছিল। সেদিক থেকে এইচআরএম-এর মাধ্যমে পিডিএস এর সকল কাজ আরো সুন্দরভাবে করা যায় এবং এই তথ্যকে ভিন্নভাবে কাজে লাগানো যায়। পিডিএস ছিল একটি "স্ট্যাটিক" প্রক্রিয়া, যেখানে এইচআরএম একটি "ডায়নামিক" প্রক্রিয়া।

**প্রশ্নঃ পিডিএস কি পুরোপুরি বন্ধ হয়ে যাবে?**

- নতুন সিদ্ধান্ত অনুযায়ী ০১ ফেব্রুয়ারি ২০১৮ এর পর থেকে পিডিএস সম্পূর্ণরূপে বন্ধ হয়ে যাবে। কেউ আর তার আই-ডি, পাসওয়ার্ড ব্যবহার করে সেখানে প্রবেশ করতে পারবেন না। এ বিষয়ক অফিস আদেশটির লিঙ্ক http://www.dghs.gov.bd/index.php/bd/home/4792-2017-12-31-12-15-57

**প্রশ্নঃ এইচআরএম কি আগামী ৩১ তারিখের পর আর আপডেট করা যাবেনা?**

- পিডিএস বন্ধ হয়ে যাচ্ছে, এইচআরএম নয়, যাদের এমন কিছু তথ্য আছে যেগুলো শুধুমাত্র পিডিএস-এই আছে এইচআরএম-এ নেই, সেগুলো ৩১ জানুয়ারি, ২০১৮ এর মাঝেই এইচআরএম-এ আপডেট করে ফেলুন। যদি ৩১ তারিখের মাঝে না পারেন তবে সেগুলো নিজেরা সংরক্ষণ করে রাখুন (যেহেতু তথ্যগুলো আর পাওয়া যাচ্ছে না) যেন যেকোন সময় এইচআরএম-এ আপডেট করে দেয়া যায়। এইচ আর এম একটি চলমান প্রক্রিয়া, এটি আপডেট করার সুযোগ সবসময়ই আছে।

**প্রশ্নঃ প্রোভাইডার (Provider) বলতে কি বোঝায়?**

- স্বাস্থ্য অধিদপ্তরে কর্মরত প্রত্যেক সরকারি কর্মকর্তা ও কর্মচারীকে এইচআরএম-এ এক একজন প্রোভাইডার ।

**প্রশ্নঃ ফ্যাসিলিটি (Facility) বলতে কি বোঝায়?**

- প্রতিটি অর্গানাইজেশনকে এইচআরএম-এর ভাষায় ফ্যাসিলিটি বলে। যেমনঃ ঢাকা মেডিকেল কলেজ একটি ফ্যাসিলিটি আবার খোকড়াটি কমিউনিটি ক্লিনিকও একটি ফ্যাসিলিটি ।

**প্রশ্নঃ কিভাবে নিজের এইচআরএম- এ লগইন করব/ কিভাবে নিজের এইচআরএম প্রোফাইল দেখব?**

- ডিজিএইচএস এর ওয়েব সাইট থেকে মানব সম্পদ ডাটাবেজ/ HRIS অপশন ক্লিক করতে হবে। তারপর প্রোভাইডারের ইমেইল এবং পাসওয়ার্ড চাইবে। এইচআরএম এ প্রদত্ত ইমেইল এবং প্রত্যেকের নিজস্ব পাসওয়ার্ড ব্যবহার করে নিজের প্রোফাইলে লগ ইন করা যাবে। (এটি অবশ্যই প্রোভাইডারের ব্যক্তিগত ই-মেইল এর পাসওয়ার্ড নয়, এটি এইচআরএম সফটওয়্যারে প্রবেশের জন্য একটি স্বতন্ত্র পাসওয়ার্ড, তবে যদি কেউ উভয় ক্ষেত্রে একই পাসওয়ার্ড ব্যবহার করে থাকেন সেটি ভিন্ন বিষয়)

**প্রশ্নঃ আমি কখনই আমার পাসওয়ার্ড পাই নি। কারণ কি?**

- এইচআরএম এ প্রদত্ত মোবাইল নং এ পাসওয়ার্ড মেসেজের মাধ্যমে পাঠানো হয়েছিল। যদি আপনার এইচআরএম-এ মোবাইল নম্বর না দেয়া থাকে অথবা যে নম্বর দেয়া আছে সেটি আর ব্যবহার না করেন তাহলে এসএমএস নাও পেতে পারেন। মোবাইল নম্বর ঠিক থাকলে এসএমএস খেয়াল নাও করতে পারেন। সেক্ষেত্রে “Forgot Password” অপশন ব্যবহার করতে পারেন। এই অপশন ব্যবহারের বিস্তারিত নীচের উত্তরে দেখুন।

**প্রশ্নঃ পাসওয়ার্ড ভুলে গিয়েছি। কিভাবে নতুন পাসওয়ার্ড পাব?**

- আপনি এইচআরএম-এর পেইজ এ (http://hrm.dghs.gov.bd) গিয়ে “Forgot Password” অপশনটি ব্যবহার করুন। সেখানে একটি ইমেইল আইডি চাইবে। এখানে এইচআরএম-এ আপনার যে ইমেইল আইডি দেয়া আছে সেই ইমেইল দিতে হবে। তারপর “Get Password” বাটনে ক্লিক করলে যদি প্রদত্ত ইমেইল এড্রেস এইচআরএম-এ থাকা ইমেইল এড্রেসের সাথে মিলে যায় তাহলে উক্ত ইমেইল এড্রেসে একটি পাসওয়ার্ড রিকোভারি ইমেইল পাঠানো হবে। এখানে উল্লেখ্য যে, ইমেইলটি Inbox এ না থাকলে Spam এবং Trash এ খুঁজতে হবে। উক্ত ইমেইলে একটি লিংক থাকবে। সেই লিংকে ক্লিক করে নিজের পাসওয়ার্ড নতুন করে নিজের পছন্দ মত সেট করে নিতে পারবেন।
- উল্লেখ্য যে, যদি কোন ইমেইল আইডি প্রোফাইলে দেয়া না থাকে তাহলে এইভাবে পাসওয়ার্ড রিকভারি করা যাবে না। সেক্ষেত্রে আগে এইচআরএম-এ ইমেইল আইডি আপডেট করে তারপর এই প্রক্রিয়া অনুসরণ করতে হবে।
- যদি এমন হয় এইচআরএম-এ যে ই-মেইল আইডি দিয়েছিলেন সেটি আর ব্যবহার করেন না বা সেটির পাসওয়ার্ড ভুলে গেছেন তবে নতুন একটি সক্রিয় ই-মেইল আইডি খুলুন এবং এইচআরএম-এ সেটি অন্তর্ভুক্ত করুন। (কারণ এইচআরএম-এর পাসওয়ার্ড রিকভারি মেইলটি প্রোভাইডারের তথ্য হিসেবে এইচআরএম-এ দেয়া ই-মেইল আইডিতেই যাবে)

**প্রশ্নঃ আমার নতুন কোন অর্ডার হলে ফোনে সেটির নোটিফিকেশন এসএমএস পাই না কেন?**

- কোন প্রোভাইডারের নতুন আদেশ/ নতুন মুভ ইন / মুভ আউট হলে সেটির একটি নোটিফিকেশন এসএমএস তার এইচআরএম-এ দেয়া মোবাইল নাম্বারে যায়। যদি এমন হয় সেই ফোন নাম্বারটি ঐ প্রোভাইডার আর ব্যবহার করেন না সেক্ষেত্রে উক্ত প্রোভাইডার এসএমএস পাবেন না। তাই আপনার সক্রিয় মোবাইল নাম্বারটিই কেবল এইচআরএম - এ অন্তর্ভুক্ত করুন।

**প্রশ্নঃ মুভ ইন (Move In) এবং মুভ আউট (Move Out) বলতে কি বোঝায়?**

- কোন প্রতিষ্ঠানে পদায়িত হবার পর সেই প্রতিষ্ঠানের / ফ্যাসিলিটির অধীনে অন্তর্ভুক্ত হওয়াকেই “মুন ইন” বলা হয়। আবার ঐ প্রতিষ্ঠান থেকে অব্যহতি পাবার পর এইচআরএম-এ ঐ প্রতিষ্ঠান বা ফ্যাসিলিটির নির্দিষ্ট পদ থেকে অন্তর্ভুক্তি বাতিল করাকেই বলা হচ্ছে “মুভ আউট”। এটিকে আমাদের ব্যবহারিক দাপ্তরিক জীবনযাত্রায় “যোগদান” বা “ছাড়পত্র” গ্রহণের সাথে তুলনা করা যেতে পারে। সেক্ষেত্রে এইচআরএম-এ “মুভ ইন” অর্থ ফ্যাসিলিটিতে যোগদান করা আর “মুভ আউট” অর্থ ফ্যাসিলিটি থেকে ছাড়পত্র নেয়া।

**প্রশ্নঃ ফ্লোটিং প্রোভাইডার বলতে কি বোঝায়?**

- যে সকল প্রোভাইডারকে কোন ফ্যাসিলিটির অনুমোদিত পদে মুভ ইন করা নাই তাঁদেরকের ফ্লোটিং প্রোভাইডার বলে। একজন প্রোভাইডার একটি প্রতিষ্ঠান থেকে ছাড়পত্র নিয়ে মুভ আউট হবার পর তার নতুন কর্মস্থলে যোগদান করে মুভ ইন হওয়ার অন্তর্বর্তীকালীন সময়ে এই অবস্থায় থাকেন।

**প্রশ্নঃ কোন প্রতিষ্ঠান থেকে তথ্য আপডেট করব?**

- স্বাস্থ্য অধিদপ্তরের অধিনস্থ যেই প্রতিষ্ঠানে কর্মরত (অর্থাৎ পদায়িত/ সংযুক্ত/ ডেপুটেশনে) আছেন সেখান থেকে তথ্য হালনাগাদ করাবেন।
- যদি কেউ স্বাস্থ্য অধিদপ্তরের অধীনস্থ নয় এমন কোন প্রতিষ্ঠানে (যেমন বিএসএসএমইউ) ডেপুটেশন/ লিয়েনে থাকেন তাহলে তিনি স্বাস্থ্য অধিদপ্তর থেকে তথ্য হালনাগাদ করাবেন।

**প্রশ্নঃ আমি ওএসডি (স্বাস্থ্য অধিদপ্তর) এবং সংযুক্তিতে/ ডেপুটেশনে স্বাস্থ্য অধিদপ্তরের অধীনস্থ কোন প্রতিষ্ঠানে কর্মরত আছি। কোন প্রতিষ্ঠান থেকে এইচ আর এম হালনাগাদ করবো?**

- যেই প্রতিষ্ঠানে সংযুক্তিতে/ ডেপুটেশনে আছেন সেখান থেকে হালনাগাদ করাবেন। তবে শর্ত থাকে যে, তিনি যেই প্রতিষ্ঠানে সংযুক্তিতে/ ডেপুটশনে আছেন তাঁর এইচআরএম-এ সেই প্রতিষ্ঠানে সংযুক্তির/ডেপুটেশনের তথ্য থাকতে হবে। কোন প্রতিষ্ঠানের অনুকূলে সংযুক্তির তথ্য না থাকলে সেই প্রতিষ্ঠান তাকে খুজে পাবে না। ফলে হালনাগাদ করতে পারবে না।

**প্রশ্নঃ সংযুক্তি/ডেপুটেশনের তথ্য কিভাবে এইচআরএম এ যোগ করা যাবে?**

- মূল পদ যেই প্রতিষ্ঠানে সেই প্রতিষ্ঠান থেকে সংযুক্তির তথ্য যোগ করতে হবে। যেমনঃ যদি কেউ "ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর; সংযুক্তঃ রাজশাহী মেডিকেল কলেজ" হয়ে থাকেন তাহলে তিনি ওএসডি হিসাবে স্বাস্থ্য অধিদপ্তরে যোগদান করবেন এবং স্বাস্থ্য অধিদপ্তর থেকে প্রথমে এইচআরএম এ ওএসডি হিসাবে মুভ-ইন হবেন এবং তারপর স্বাস্থ্য অধিদপ্তর থেকেই রাজশাহী মেডিকেল কলেজের অনুকূলে সংযুক্তির তথ্য "Additional role" অপশনে যোগ করতে হবে। Additional role অপশনে সংযুক্তির তথ্য দেওয়ার পর রাজশাহী মেডিকেল কলেজ তাকে সেই প্রতিষ্ঠানে খুজে পাবে এবং প্রয়োজনীয় তথ্য হালনাগাদ করতে পারবে।
  ডেপুটেশনের তথ্যও অনুরূপভাবে Deputation অপশনে হালনাগাদ করতে পারবেন।

**প্রশ্নঃ এইচআরএম এ সংযুক্তির তথ্য দেয়া আছে কিনা কিভাবে বুঝবো?**

- সংযুক্তির তথ্য দেওয়া থাকলে HRM Short Biodata তে Additional role অপশন প্রদর্শিত হবে এবং সেখানে সংযুক্তিকালীন সময়ের পদবী এবং প্রতিষ্ঠানের নাম থাকবে।

**প্রশ্নঃ সংযুক্তিতে কর্মরত প্রতিষ্ঠান আমার প্রোফাইল খুঁজে পাচ্ছে না। তাই এইচআরএম আপডেট করতে পারছে না। কি করব?**

- যদি আপনার প্রোফাইলে সংযুক্তির তথ্য দেওয়া থাকে তাহলে যেই প্রতিষ্ঠানের অনুকূলে সংযুক্তির তথ্য দেওয়া আছে সেই প্রতিষ্ঠান তার "Additional role" অপশনে আপনাকে খুজে পাবে।

**প্রশ্নঃ আমি ওএসডি (স্বাস্থ্য অধিদপ্তর) এবং সংযুক্তিতে স্বাস্থ্য অধিদপ্তরের আওতাবহির্ভূত কোন প্রতিষ্ঠানে কর্মরত আছি (যেমনঃ বিএসএমএমইউ / বারডেম ইত্যাদি)। কোন প্রতিষ্ঠান থেকে এইচ আর এম হালনাগাদ করবো?**

- সেক্ষেত্রে আপনি স্বাস্থ্য অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত শাখা হতে (বর্তমানে মনিটরিং সেল, নতুন ভবন, ২য় তলা) হালনাগাদের কাজ করতে পারবেন।

**প্রশ্নঃ প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি এইচআরএম হালনাগাদ করে দিচ্ছে না। করণীয় কি?**

- আপনার প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে খুঁজে বের করুন এবং তাকে করতে বলুন। অহেতুক বিলম্ব করলে আপনি সরাসরি প্রতিষ্ঠান প্রধান বরাবর অভিযোগ জানাতে পারেন। প্রতিষ্ঠান প্রধান আপনার অভিযোগ আমলে নেবেন এবং অভিযোগের প্রাপ্তি স্বীকারপত্র সংরক্ষণ করবেন।

**প্রশ্নঃ প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি আপডেট করতে সমস্যার সম্মুখীন হচ্ছেন। করণীয় কি?**

- তিনি কেন পারছেন না/ কি সমস্যা হচ্ছে সেটা 'সাপোর্ট টিকেটে'র মাধ্যমে স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (প্রশাসন), পরিচালক (এমআইএস) বরাবর জানালে সমাধান করা হবে।

**প্রশ্নঃ এইচ আর এম সফটওয়্যার এর মাধ্যমে আদেশ হয়েছে। সেই আদেশ খুঁজে পাব কিভাবে?**

- আপনার এইচ আর এম এ লগইন করে প্রোভাইডার ডিটেইলস এ যাবেন। প্রোভাইডার ডিটেইলস এর একেবারে নিচে এই সফটওয়্যার ব্যবহার করে যে সকল ডিজিটাল বদলী/ পদায়ন/ ছুটি/ ডেপুটেশন/ অন্যান্য আদেশ করা হয়েছে সেগুলি ক্রমান্বয়ে দেখতে পাবেন।

**প্রশ্নঃ এইচআরএম সফটওয়্যার ব্যবহার করে যে আদেশ হয়েছে সেই আদেশে নাম ভুল এসেছে। কারন কি? সংশোধন করবো কি ভাবে?**

- কারণ হল আদেশের করার সময়ে এইচআরএম-এ আপনার নাম/ নামের বানান ভুল ছিল। (এই সফটওয়্যার ব্যবহার করে আদেশ করার সময় কারো নাম নতুন করে লিখতে হয় না, প্রোফাইলে যেভাবে থাকে সেটি স্বয়ংক্রিয়ভাবে চলে আসে)
- কোন আদেশ হয়ে গেলে সেটা সংশোধন করতে পরিচালক (প্রশাসন) বরাবর আবেদন করতে হবে। তবে তার পূর্বে অবশ্যই প্রোফাইলে নামের বানান সংশোধন করাতে হবে। নতুবা পুনরায় নাম ভুল আসবে।

**প্রশ্নঃ আমি কি আমার এইচআরএম নিজে আপডেট করতে পারব?**

- না পারবেন না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে দিয়ে আপডেট করাতে পারবেন। নিজে নিজের প্রোফাইলে লগ ইন করে সকল তথ্য দেখতে পারবেন।

**প্রশ্নঃ আমিতো গত বছর একবার আমার এইচআরএম আপডেট করেছিলাম, এখন কি আবার করতে হবে? এই আপডেট কত দিন পর পর করতে হবে?**

- এইচআরএম আপডেট একটি চলমান প্রক্রিয়া।আপনি যখনই কোন নতুন বদলি/পদায়নের আদেশ পাবেন তখনই তা হালনাগাদ করতে হবে। এ ছাড়া চাকুরি জীবনের যে কোন এ্যাচিভমেন্ট যেমনঃ নতুন ডিগ্রী অর্জন/ নতুন পাব্লিকেশন/ নতুন ট্রেইনিং/লিয়েন/ছুটি ইত্যাদির তথ্য আপনি সময়ে সময়ে হালনাগাদ করবেন।

**প্রশ্নঃ আমি নিয়মিত সকল তথ্য সম্পর্কে আপডেটেড বা হালনাগাদ থাকতে চাই, আমার কী করণীয়?**

- স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট (www.dghs.gov.bd) নিয়মিত ভিজিট করুন।
- এইচআরএম-এ দেয়া ই-মেইল আইডি'র এ্যাকাউন্টটিতে সক্রিয় থাকুন বা নিয়মিত মেইল চেক করুন।
- আপনার এইচআরএম-এ দেয়া মোবাইল নাম্বারে আসা এসএমএসগুলোতে নজর রাখুন।
- কোন অফিস আদেশ হলে বা এইচআরএম-এ যুক্ত করা যায় এমন কোন অর্জন থাকলে (যেমনঃ উচ্চতর ডিগ্রী প্রাপ্তি/ প্রশিক্ষণ / ডিপার্টমেন্টাল পরীক্ষা পাস ইহ্যাদি) যতদুত সম্ভব আপডেট করুন।

**যদি এইচআরএম সম্পর্কিত আর কোন প্রশ্ন থাকে তাহলে sofordar@mis.dghs.gov.bd এবং nawsiba@mis.dghs.gov.bd এই অ্যাড্রেসে ইমেইল করে জানতে পারবেন।**

**সমন্বয় ও সহায়তা কেন্দ্র**
**স্বাস্থ্য অধিদপ্তর**